



উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
ঢাকা বিশ্ববিদ্যালয়



বিজ্ঞপ্তি

স্মারক নং উবি-০৬/২০০৭/২০২৬-২৫২৭২

তারিখ: ১৩ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
২৯ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ৩য় ধাপে ভর্তি প্রসঙ্গে।

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ৩য় ধাপে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থী ও সম্মানিত অভিভাবকবৃন্দকে জানানো যাচ্ছে যে, নিম্নে উল্লিখিত নির্দেশনা ও সময়সূচি অনুযায়ী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:

১। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা হতে প্রেরিত ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীবৃন্দকে অভিভাবকসহ ০২ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ সোমবার সকাল ১০:৩০ মিনিটে ১০৭ নম্বর কক্ষে উপস্থিত হয়ে Student ID সংগ্রহ করতে হবে।

২। উদয়নের ওয়েবসাইট (www.udayan.edu.bd) -এ এদিনই সকাল ১১:০০ মিনিট থেকে দুপুর ০১:০০ মিনিটের মধ্যে Student ID দিয়ে লগইন করে অনলাইনে ভর্তিফরম পূরণ এবং পেমেন্ট সম্পন্ন করতে হবে।

লগইন পদ্ধতি: উদয়নের ওয়েবসাইট (www.udayan.edu.bd)-এর Admission মেনু হতে XI Apply Online বাটনে ক্লিক করে Student ID এর ঘরে শিক্ষার্থীর নিজ Student ID এবং EIIN/College Code এর ঘরে 1906 বসিয়ে লগইন করতে হবে। অনলাইনে ভর্তি ফরম এর সকল তথ্য পূরণ করে Submit বাটনে ক্লিক করে তারপর উপরের মেনু হতে Payment বাটনে ক্লিক করে (মোবাইল ব্যাংকিং / ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড / সোনালী ব্যাংক অ্যাকাউন্ট) -এর মাধ্যমে অনলাইনে পেমেন্ট সম্পন্ন করতে হবে।

* অনলাইনে পূরণকৃত ভর্তিফরম ও পেমেন্ট রশিদের কপি ডাউনলোড করার পর প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে। এছাড়াও উদয়নের ওয়েবসাইট (www.udayan.edu.bd)-এ সরবরাহকৃত অভিভাবক তথ্যফরম (Guardian Information Form) এর পিডিএফ কপি প্রিন্ট করে প্রয়োজনীয় তথ্যাবলী স্বহস্তে পূরণ করে পিতা, মাতা ও শিক্ষার্থীর স্বাক্ষর করে সংরক্ষণ করতে হবে।

৩। পেমেন্টের পরিমাণ:

(ক) বাংলা ভার্শন: ভর্তি ফি (সেশন ফি ও উন্নয়ন ফি) ৭,৫০০ টাকা (সরকার নির্ধারিত), এক মাসের বেতন ২,০০০ টাকা এবং এক মাসের আইসিটি ফি ২০০ টাকা (মোট = ৯,৭০০ টাকা) + অনলাইন ফরমপূরণ চার্জ + ব্যাংক চার্জ।

(খ) ইংরেজি ভার্শন: ভর্তি ফি (সেশন ফি ও উন্নয়ন ফি) ৮,৫০০ টাকা (সরকার নির্ধারিত), এক মাসের বেতন ৩,০০০ টাকা এবং এক মাসের আইসিটি ফি ২০০ টাকা (মোট = ১১,৭০০ টাকা) + অনলাইন ফরমপূরণ চার্জ + ব্যাংক চার্জ।

৪। নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী বিজ্ঞান বিভাগের (বাংলা ও ইংরেজি ভার্শন) এবং ব্যবসায় শিক্ষা বিভাগের প্রয়োজনীয় কাগজপত্র জমা নেওয়া হবে:

তারিখ ও বার	সময়	কক্ষ নম্বর
০২/১১/২০২৬ খ্রিষ্টাব্দ সোমবার	সকাল ১১:৩০ মিনিট থেকে দুপুর ০২:৩০ মিনিট পর্যন্ত	১০৭

প্রয়োজনীয় কাগজপত্র:

ক) অনলাইনে পেমেন্ট প্রদানের প্রিন্টকৃত পেমেন্ট স্লিপ ২ কপি।

খ) ডাউনলোডকৃত ভর্তি ফরম-এর প্রিন্টকপি - ১টি।

গ) স্বহস্তে পূরণকৃত অভিভাবক তথ্যফরম (Guardian Information Form) এর কপি - ১টি।

ঘ) এসএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর মূলকপি এবং এর ২টি ফটোকপি বোর্ড/বিদ্যালয় থেকে প্রাপ্তি সাপেক্ষে জমা দিতে হবে।

(একাডেমিক ট্রান্সক্রিপ্টের প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি শিক্ষার্থীকে তার নিজের ভবিষ্যৎ প্রয়োজনের জন্য সংরক্ষণ করতে হবে।)

ঙ) এসএসসি পরীক্ষার প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি ২ কপি করে মোট ৪ কপি।

চ) এসএসসি পরীক্ষার প্রশংসাপত্রের ফটোকপি-২ কপি।

ছ) শিক্ষার্থীর জন্মনসদের ফটোকপি ২ টি।

জ) পিতা-মাতা উভয়ের জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ১ কপি করে মোট ২ কপি।

ঝ) Freedom Fighter, EQ-1, EQ-2 ও SQ কোটায় ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রত্যয়নপত্রের ফটোকপি (প্রত্যয়নপত্রের মূলকপি দেখাতে হবে)।

উপর্যুক্ত প্রয়োজনীয় কাগজপত্র জমা দেওয়ার সময় পেমেন্ট স্লিপের একটি কপিতে কলেজ কর্তৃপক্ষ কর্তৃক সিলমোহর ও স্বাক্ষরসহ নিশ্চায়নপূর্বক ড্রেসকোড, বুকলিস্ট ও উবি মনোগ্রাম সংগ্রহ করতে হবে।

৫। ভর্তির প্রয়োজনে শিক্ষকবৃন্দের যোগাযোগ নম্বর:

(ক) একাডেমিক প্রয়োজনে: ০১৭১৫-৪৪৪৫৫৪ (বিজ্ঞান বিভাগ), ০১৯১৪-৬৪৪৭৪৪ (ব্যবসায় শিক্ষা বিভাগ)

(খ) টেকনিক্যাল প্রয়োজনে: ০১৭১৫-৩২৭৯২২, ০১৭৫৬-৩৩৬০৯৩


২২/১০/২০২৬

মুহাম্মদ আরিফুর রহমান

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মুহাম্মদ আরিফুর রহমান

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়